

১৮ দিন পরে এসএসসি পরীক্ষা ॥ রাজনৈতিক পরিস্থিতিতে ছাত্রছাত্রী অভিভাবক মহল উদ্বেগ

রেজানুর রহমান ॥ আর মাত্র ১৮ দিন পর দেশের সকল শিক্ষা বোর্ডের ২০০১ সালের এসএসসি পরীক্ষা শুরু হইবে। কিন্তু দেশের রাজনৈতিক পরিস্থিতি অর্থাৎ অব্যাহত গতিতে হরতাল-অবরোধ কর্মসূচীর কারণে এই পরীক্ষার ব্যাপারে দেশের লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রী ও তাহাদের অভিভাবকদের মধ্যে দারুণ উদ্বেগ-উৎকণ্ঠা দেখা দিয়াছে। চলতি মাসেই ২৮ দিনের মধ্যে হরতাল হইয়াছে ৮ দিন। ৭ই মার্চ পবিত্র ঈদ। ইহার পর ১৫ই মার্চ হইতে শুরু হইবে এসএসসি পরীক্ষা। কিন্তু দেশের রাজনৈতিক পরিস্থিতির কারণে ছাত্র-ছাত্রী, অভিভাবক ও শিক্ষকমণ্ডলী- কেহই পরীক্ষার ব্যাপারে নিশ্চিত হইতে পারিতেছেন না। (২য় পৃষ্ঠায় ৪-এর কঃপ্রঃ)

এসএসসি পরীক্ষা (প্রথম পৃঃ পর)

শিক্ষা বোর্ডগুলির মধ্যেও দেখা দিয়াছে উদ্বেগ-উৎকণ্ঠা। নাম প্রকাশে অনিচ্ছুক একজন কর্মকর্তা বলেন, এইবার দেশের সকল শিক্ষা বোর্ডে ৭ লক্ষাধিক ছাত্র-ছাত্রী এসএসসি পরীক্ষা দিবে। এসএসসি ছাত্র-ছাত্রীদের শিক্ষা জীবনের একটি গুরুত্বপূর্ণ পরীক্ষা। এই পরীক্ষার উপর নির্ভর করে ছাত্র-ছাত্রীদের উচ্চ শিক্ষার ভবিষ্যৎ। কাজেই পরীক্ষার পূর্বে ছাত্র-ছাত্রীরা টেনশনমুক্ত থাকিতে চায়। কিন্তু অব্যাহতভাবে হরতাল-অবরোধ কর্মসূচীর প্রেক্ষিতে এসএসসি পরীক্ষার্থীদের লেখাপড়ার প্রতি মনোযোগ বিঘ্নিত হইতেছে। গতকাল ইত্তেফাকে টেলিফোন করিয়া বেশ কয়েকজন অভিভাবক এসএসসি পরীক্ষার ব্যাপারে উদ্বেগ প্রকাশ করিয়াছেন। তাহাদের বক্তব্য, হরতাল-অবরোধ গণতান্ত্রিক অধিকার। কিন্তু এই কর্মসূচী পালনের সময় ছাত্র-ছাত্রীদের শিক্ষা জীবনের বিষয়টিকে গুরুত্ব দেওয়া জরুরী হইয়া পড়িয়াছে।

এদিকে আসন্ন এসএসসি ও দাখিল পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে দেশের রাজনৈতিক দলসমূহের আন্তরিক সহযোগিতা কামনা করিয়া শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক গতকাল এক বিবৃতি প্রদান করিয়াছেন। বিবৃতিতে বলা হয়, হরতাল করা যেকোন রাজনৈতিক দলের গণতান্ত্রিক অধিকার। যদিও বর্তমানে ইস্যুবিহীন হরতাল দেশের ক্ষতি ছাড়া অন্য কোন উদ্দেশ্য সাধিত হইতেছে না, কিন্তু দেশের লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রীর টেনশনহীন ও শংকামুক্তভাবে পরীক্ষায় অংশ নিতে পারার বিষয়টিও অবশ্যই শিক্ষার্থীদের অধিকারের মধ্যে পড়ে। বিবৃতিতে আরও বলা হয়, বর্তমান সরকার অনেক কষ্ট করিয়া প্রতি বছর একটি সুনির্দিষ্ট দিনে এবং স্বল্প সময়ে পরীক্ষা অনুষ্ঠানের সমন্বিত পরিকল্পনা গত দুই বছর ধরিয়া বাস্তবায়িত করিয়া আসিতেছে। যদি কোন কারণে এই শৃংখলার ব্যত্যয় ঘটে তাহা হইলে পরীক্ষা